



❖ আজ আমরা পড়বো 'চিত্র বর্ণনা' বা Picture writing.

## চিত্র বর্ণনা

'চিত্র বর্ণনা' হলো:- একটি চিত্র বা ছবি দেখে, তার সম্পর্কে নিজের বিচার, অর্থাৎ ছবিটি দেখে আমি কি বুঝছি, তা ব্যক্ত করা।

'চিত্র বর্ণনা' লেখার সময় যে বিষয় গুলি মাথায় রাখা দরকার সেগুলি হলো:-

- যে ছবিটি দেওয়া আছে সেটিকে খুব ভালো করে পর্যবেক্ষণী দৃষ্টি দিয়ে দেখা এবং বোধগম্য করা।
- খুব ছোটো করে ছবিতে দেওয়া প্রত্যেকটি বস্তুর উল্লেখ করা, এবং তার সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া।

❖ উদাহরণ স্বরূপ একটি 'চিত্র বর্ণনা' তোমাদের লিখে দেখানো হল:-



উপরের ছবিটি দেখে আমরা যা যা জানতে পারছি সেগুলি হলো:-

১. ছবিটিতে যে প্রকৃতি আমরা দেখতে পাচ্ছি তা গ্রাম বাংলার সবুজ প্রকৃতি।
২. গ্রামের পাশ দিয়ে একটি নদী বয়ে যাচ্ছে, নদীটির জল অত্যন্ত স্বচ্ছ।
৩. নদীতে একজন মাঝি নৌকার দাঁড় বেয়ে ভেসে চলেছে।
৪. নদীর পাড়ে খড়ের ছাউনি দেওয়া দুটি মাটির বাড়ি। দূরে ঘন সবুজ দিগন্ত।
৫. বাড়ির চারপাশ নারকেল গাছ, কলা গাছ ও অন্যান্য গাছপালা দিয়ে ঘেরা। এককথায় প্রকৃতির অনবদ্য রূপ ফুটে উঠেছে এই ছবিতে।

❖ এবার তোমাদের একটি ছবি দিয়ে দেওয়া হলো, নিচের ছবিটি দেখে তোমরা একইভাবে পাঁচটি বাক্যে তার বর্ণনা লেখো।

